

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ০২/০২/২০২১

কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল বিক্রেতা কিশোরী মীমের হত্যার প্রতিবাদে এবং হত্যাকারীর সর্বোচ্চ শাস্তির দাবীতে  
বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত

“মীম হত্যার দায়ভার রাষ্ট্রকেই নিতে হবে”

কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল বিক্রেতা কিশোরী মীমের হত্যার প্রতিবাদে এবং হত্যাকারীর সর্বোচ্চ শাস্তির দাবীতে ‘কর্মজীবী নারী’ আজ ২ ফেব্রুয়ারি, ২০২১ মঙ্গলবার বিকাল ৪.৩০ টায় কেন্দ্রীয় শহীদ মিনার পাসে এক বিক্ষোভ সমাবেশ করেছে।

সমাবেশে সভাপতির বক্তব্যে কর্মজীবী নারী’র নির্বাহী পরিচালক সানজিদা সুলতানা বলেন, সকল নাগরিকের মৌলিক চাহিদা নিশ্চিত করার দায়িত্ব রাষ্ট্রের এবং শ্রেণি বৈষম্য ভেদে সকল নারীর নিরাপত্তা নিশ্চিত করতে হবে রাষ্ট্রকেই। সেই সঙ্গে সকল শিশুর ভরণপোষন এবং নিরাপদ শৈশবের ব্যবস্থা রাষ্ট্রকেই করতে হবে।

সমাবেশের শুরুতে বক্তব্য রাখেন মীমের মা রূমা বেগম। তিনি বলেন, “আমার মেয়ের নির্যাতনের শাস্তি চাই, আজকে আমার মেয়ের যে অবস্থা হয়েছে এমন ঘটনা যেন আর কারো সাথে না ঘটে, আর কোন মায়ের বুক যেন খালি না হয়”।

সমাবেশে আরো বক্তব্য রাখেন, জাতীয় শ্রমিক জোট বাংলাদেশ এর কেন্দ্রীয় কমিটির দণ্ডের সম্পাদক রাজীব আহমেদ, জাতীয় পোশাক শিল্প শ্রমিক জোট এর সাধারণ সম্পাদক শেখ শাহানাজ, কর্মজীবী নারীর সংগঠক আল জাহিদ।

মীম হত্যার সঠিক তদন্ত সাপেক্ষে এর সুষ্ঠু বিচার দাবি করে সমাবেশে বক্তারা বলেন, বর্তমান বিশ্ব যখন করোনা মহামারির সংকটে নিপত্তি তখন দেশে নারী ও শিশু নির্যাতনের একের পর এক ভয়াবহ ঘটনা সকলকে উদ্বিঘ্ন করে তুলেছে। আমরা দেখেছি এই নির্যাতন কোনভাবেই থামছে না একের পর এক ঘটেই চলেছে। এরই ধারাবাহিকতায় ভাষা আন্দোলনের মাসেই কেন্দ্রীয় শহীদ মিনারে আমরা মীমকে ধর্ষন ও ধর্ষনের পর হত্যা হতে দেখেছি।

বক্তারা আরো বলেন, কোন নির্যাতনের যথাযথ শাস্তি হচ্ছে না বলেই এই ধরণের ঘটনা ঘটেই চলেছে। বক্তারা মাননীয় প্রধান মন্ত্রীর কাছে মীম হত্যার সর্বোচ্চ দাবী জানান সেই সঙ্গে মীমের মা ও তার পরিবারের পাশে দাঁড়ানো এবং আর্থিক সহায়তা প্রদানে দাবি জানান।

উক্ত সমাবেশে সংহতি প্রকাশ করেন, নারীপক্ষের সহকারি প্রকল্প ব্যবস্থাপক সাবিনা ইয়াসমিন, সদস্য নাজমা বেগম এবং সদস্য সৈয়দা সালমা পারভীন। বিক্ষোভ সমাবেশে আরো উপস্থিত ছিলেন কর্মজীবী নারী’র সমন্বয়ক হোসনে আরা নকিব, দেওয়ান আব্দুস সাফি, ফারহানা আফরিন তিথি, রাবিতা ইসলাম, কাজী গুলশান আরা দীপা সহ কর্মজীবী নারী’র সংগঠকবৃন্দ।

বার্তা প্রেরক



ফারহানা আফরিন তিথি  
প্রকল্প সমন্বয়ক  
কর্মজীবী নারী  
(০১৫৭১৭৯৬৯৮৭)